গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং- ডিজিএনএম/শা-১/১শ-০২/২০১৬/ জ্যৈষ্ঠ,১৪২৩। তাং------------------ মে,২০১৭।

প্রাপক ঃ সচিব,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ- অতিরিক্ত সচিব, নার্সিং ও মিডওয়াইফারি)।

বিষয় ঃ নব-যোগদানকৃত ০৪ জন সিনিয়র স্টাফ নার্সের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র ঃ ১। ৪৫.১৫৮.০১১.০০.০০.০০৭.১৪৭(অংশ-১)-২৫, তারিখ- ২৯/০১/২০১৭খ্রিঃ।
২। সি,এস/বগ/প্রশা-১/১৫২/২০১৭/২৯১৯, তারিখ) ২২/০২/২০১৭খ্রিঃ।
৩। সিএস/চাঁঃ/শা-৪/১৭/২৩/৩১৩, তারিখ-১৬/০২/২০১৭খ্রিঃ।
৪। পরিঃ/দিমেকহা/প্রশা/১৭/৪২৯, তারিখ- ১৬/০২/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র সমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিপিএসসি কর্তৃক সুপারিশকৃত ও নব-নিয়োগকৃত নিম্নে বর্ণিত ০৪ জন সিনিয়র স্টাফ নার্সকে সূত্রাধীন ১নং স্মারকের নির্দেশ মোতাবেক আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদানের জন্য অত্র পরিদপ্তরের ০৮/০২/২০১৭খ্রিঃ তারিখের যথাক্রমে ডিজিএনএম/শৃংখলা শাখা/অভিঃ নব নিয়োগ নার্স-১/২০১৭/১১৪৬, ডিজিএনএম/শৃংখলা শাখা/ অভিঃ নব নিয়োগ নার্স-১/২০১৭/১১৪৭, ডিজিএনএম/শৃংখলা শাখা/অভিঃ নব নিয়োগ নার্স-১/২০১৭/১১৪৮ ও ডিজিএনএম/শৃংখলা শাখা/অভিঃ নব নিয়োগ নার্স-১/২০১৭/১১৪৯ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলব করা হয় (কপি সংযুক্ত)। তাঁরা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উক্ত কৈফিয়ত তলবের জবাব প্রেরণ করেছেন। যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সূত্রাধীন স্মারকের ২, ৩ ও ৪ সংখ্যক স্মারকে অত্র অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

নিম্নে তাঁদের দাখিলকৃত জবাবের সংক্ষিপ্ত বিবরণ পেশ করা হলোঃ

| ক্রমিক নং | নাম, পদবী, পিতার নাম, রেজিঃ নং ও কর্মস্থলের নাম | অভিযোগের বিপরীতে কৈফিয়ত তলবের জবাব | অত্র অধিদপ্তরের মতামত |
|---|---|---|---|
| ১ | এসএন-৭৯ স্টাফ নার্স, জনাব মোসা: শামসুন্নাহার, সিনিয়র স্টাফ নার্স, পিতা-মোঃ আব্দুর রাজ্জাক, রেজিঃ নং-২০০৭০৩ আধুনিক সদর হাসপাতাল চাঁপাইনবাবগঞ্জ। | তিনি নিয়োগপ্রাপ্ত কর্মস্থলে ১৫/১২/২০১৬খ্রিঃ তারিখ যোগদান করেছেন। বর্তমান চাকুরীর পূর্বে তিনি বর্ডার গার্ড হাসপাতাল, চুয়াডাংগায় কর্মরত ছিলেন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে (স্মারক নং-৪৪.০২.১২০৫ .০০৬.০২.০৪৭.১৬/৬৮৯, তারিখ-২০/০৬/২০১৬) বর্তমান চাকুরীর নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণ করে নিয়োগ লাভ করেন। বর্তমান চাকুরীর আবেদনপত্র দাখিলের শেষ তারিখ পর্যন্ত বিজিবি কর্তৃক অনুমোদন না পাওয়ায় তা আবেদনপত্রে উল্লেখ করতে পারেন নাই। পরবর্তীতে অনুমোদন পেয়েছেন। বর্তমান চাকুরীর নিয়োগপত্র পাওয়ার পর বিজিপির চাকুরীতে ছাড়পত্র চেয়ে আবেদন করেন। তার এই অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। | পরীক্ষায় অংশ গ্রহণের জন্য মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর সম্মতিপত্র আছে (সম্মতি প্রদানের কপি সংযুক্ত)। |
| ২ | এসএন-৮১ স্টাফ নার্স, জনাব এজিনা খাতুন, সিনিয়র স্টাফ নার্স, পিতা-মোঃ এজান আলী, রেজিঃ নং-২০১১৮৭, দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর। | বর্তমান চাকুরীতে আবেদনকালীন সময়ে তিনি বিজিবি চুয়াডাংগা হাসপাতালে কর্মরত ছিলেন। বর্তমান নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য বিজিবি এর অনুমতি চেয়ে অবেদন করেন। প্রথমে মৌখিক অনুমতি পাওয়ায় সংশ্লিষ্ট কলাম পূরন করতে পারেন নাই। পরবতীতে বিজিবি চিকিৎসা শাখা হতে তিনি সহ মোট ৮(আট) জন স্মারক নং-৪৪.০২. ১২০৫.০০৬.০২.০৪৭.১৬ /৬৮৯ তারিখ-২০/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক সম্মতি প্রাপ্ত হন। তিনি শর্ত সম্পর্কে জ্ঞাত না থাকায় অজ্ঞতা জনিত ভুলের জন্য মার্জনা প্রার্থনা করেছেন। | পরীক্ষায় অংশ গ্রহণের জন্য মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর সম্মতিপত্র আছে (সম্মতি প্রদানের কপি সংযুক্ত)। |
| ৩ | এসএন-৮৯ স্টাফ নার্স, জনাব মোছাঃ হাবিবা সুলতানা, সিনিয়র স্টাফ নার্স, পিতা-মোঃ হায়দার আলী রেজিঃ নং-২০০৭৯১, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাজাহানপুর, বগুড়া। | বিপিএসসি এর নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য বিজিপি মহাপরিচালক বরাবরে আবেদনের প্রেক্ষিতে সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ চিকিৎসা শাখা ঢাকার স্মারক নং-৪৪.০২. ১২০৫.০০৬.০২.০৪৭ .১৬/৬৮৯ তারিখ-২০/০৬/২০১৬খ্রিঃ মোতাবেক সিনিয়র স্টাফ নার্স পদে পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি প্রাপ্ত হয়েছেন। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য বিজিবি কর্তৃক বিলম্বে অনুমোদন করায় তা বিপিএসসি এর ফর্মে পূর্বের চাকুরী উল্লেখ করতে পারেন নাই। বর্তমান চাকুরীতে যোগদানের প্রাক্কালে বিজিবি এর চাকুরীতে ইস্তফা পত্র দেন। ফলে তার দ্বারা নিয়োগ বিজ্ঞপ্তির ১৩ ও ফলাফল বিজ্ঞপ্তির ৪ নং শর্ত লংঘন হয় নি মর্মে জানিয়েছে। | পরীক্ষায় অংশ গ্রহণের জন্য মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর সম্মতিপত্র আছে (সম্মতি প্রদানের কপি সংযুক্ত)। |

অঃপৃঃদ্রঃ-২

| | | | |
|---|---|---|---|
| ৪ | এসএন-৯০ স্টাফ নার্স, জনাব শামীমা ইয়াছমিন, সিনিয়র স্টাফ নার্স, পিতা-মোঃ জালাল উদ্দীন, রেজিঃ নং-৭০০৭৩১ দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর। | বর্তমান চাকুরীতে আবেদনকালীন সময়ে তিনি বিজিবি চুয়াডাংগা হাসপাতালে কর্মরত ছিলেন। বর্তমান নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য বিজিবি এর অনুমতি চেয়ে অবেদন করেন। প্রথমে মৌখিক অনুমতি পাওয়ায় সংশ্লিষ্ট কলাম পূরন করতে পারেন নাই। পরবতীতে বিজিবি চিকিৎসা শাখা হতে তিনি সহ মোট ৮(আট) জন স্মারক নং-৪৪.০২.১২০৫.০০৬.০২.০৪৭.১৬/৬৮৯ তারিখ-২০/০৬/২০১৬খ্রিঃ মোতাবেক সম্মতি প্রাপ্ত হন। তিনি শর্ত সম্পর্কে জ্ঞাত না থাকায় অজ্ঞতা জনিত ভুলের জন্য মার্জনা প্রার্থনা করেছেন। | পরীক্ষায় অংশ গ্রহণের জন্য মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর সম্মতিপত্র আছে (সম্মতি প্রদানের কপি সংযুক্ত)। |

সংযুক্ত ঃ পাতা।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪।

নং- ডিজিএনএম/শা-১/১শ-০২/২০১৬/২৬৫০১২(৯৮)

তাং ৬ জ্যৈষ্ঠ,১৪২৩।
২৭ মে,২০১৭।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত মহাপরিচালক(চিকিৎসা), সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, চিকিৎসা শাখা, ঢাকা।
২। পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)(যুগ্ম-সচিব), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। পরিচালক, দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর।
৪। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ/বগুড়া।
৫। তত্ত্বাবধায়ক, আধুনিক সদর হাসপাতাল, চাঁপাইনবাবগঞ্জ।
৬। সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।
৮। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাজাহানপুর, বগুড়া।
৯। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা,শাজাহানপুর, বগুড়া।
১০। সেবা তত্ত্বাবধায়ক, দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর।
১১। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, চাঁপাইনবাবগঞ্জ/বগুড়া।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৩। জনাব মোসাঃ শামসুনন্নাহার, সিনিয়র স্টাফ নার্স, পিতা-মোঃ আব্দুর রাজ্জাক, রেজিঃ নং-২০০৭০৩, আধুনিক সদর হাসপাতাল, চাঁপাইনবাবগঞ্জ।
১৪। জনাব এজিনা খাতুন, সিনিয়র স্টাফ নার্স, পিতা-মোঃ এজান আলী, রেজিঃ নং-২০১১৮৭, দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর।
১৫। জনাব মোছাঃ হাবিবা সুলতানা, সিনিয়র স্টাফ নার্স, পিতা-মোঃ হায়দার আলী রেজিঃ নং-২০০০৭৯১, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাজাহানপুর, বগুড়া।
১৬। জনাব শামীমা ইয়াছমিন, সিনিয়র স্টাফ নার্স, পিতা-মোঃ জালাল উদ্দিন, রেজিঃ নং-৭০০৭৯১ দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর।
১৭। পি,এম,আই,এস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা(অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১৮। ব্যক্তিগত নথি ০৪টি।

মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।